রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৪, ২০১৫

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/২৭ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১১০-আইন/২০১৫।**—মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২নং আইন) এর ধারা ৫১ তে প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ সরকারের পূর্বানুমোদনক্রমে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার —

(ক) বিধি ৮ এর পর নিম্নরূপ একটি নূতন বিধি ৮ক সন্নিবেশিত হইবে, যথা:—

"৮ক। **পরিচালনা পর্ষদের চেয়ারম্যান বা সদস্যের অপসারণজনিত শূন্যপদ পূরণ, ইত্যাদি।**—(১) কর্তৃপক্ষ আইনের ধারা ২৯ এর বিধান অনুসারে কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান বা সদস্যকে অপসারণ করিলে, তৎকর্তৃক নির্ধারিত শর্তে, কোন সরকারি কর্মকর্তা বা অন্য কোন ব্যক্তিকে, পরিচালনা পর্ষদের অবশিষ্ট মেয়াদের জন্য, চেয়ারম্যান বা সদস্যের উক্ত শূন্যপদে নিয়োগ প্রদান করিতে পারিবে।

(২) আইনের ধারা ২৯ এর অধীন অপসারিত চেয়ারম্যান বা সদস্য সংশ্লিষ্ট পরিচালনা পর্ষদের অবশিষ্ট মেয়াদসহ অব্যবহিত পরবর্তী ১(এক) মেয়াদের জন্য উক্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান বা অন্য কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যুক্ত হইতে বা অংশগ্রহণ করিতে পারিবেন না এবং উক্তরূপ অপসারণের কারণে তিনি কোনরূপ ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন না।



মূল্য ঃ টাকা ৪.০০

(৩) আইনের ধারা ২৯ এর বিধান অনুযায়ী যদি কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের চেয়ারম্যানসহ সকল সদস্য অপসারিত হন, তবে কর্তৃপক্ষ লিখিত আদেশ দ্বারা, যে কোন ব্যক্তিকে ১ (এক) বৎসরের জন্য প্রশাসক হিসাবে নিয়োগ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ, প্রয়োজনে, উক্ত মেয়াদ অনধিক ৬ (ছয়) মাস বৃদ্ধি করিতে পারিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন নিযুক্ত প্রশাসক পরিচালনা পর্ষদের সমুদয় কর্তৃত্ব ও ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ, আইন ও এই বিধিমালার বিধানাবলী সাপেক্ষে, নিযুক্ত প্রশাসকের কর্তৃত্ব, ক্ষমতা ও কার্যাবলী আদেশ দ্বারা নির্ধারণ করিতে পারিবে।

(৫) উপ-বিধি (৩) এর অধীন নিযুক্ত প্রশাসক কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক আইন ও এই বিধিমালার বিধানাবলী অনুসরণপূর্বক পরিচালনা পর্ষদ পুনর্গঠন করিবেন এবং তাহা কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করিবেন ।

(৬) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধির অধীন নিযুক্ত চেয়ারম্যান, সদস্য বা প্রশাসক যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন অথবা কর্তৃপক্ষ, প্রয়োজনে, যে কোন সময় তাহাদিগকে প্রত্যাহার করিতে পারিবে।

(৭) কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কোন সদস্য, গ্রাহক, কর্মকর্তা, কর্মচারী পাওনাদার, দেনাদার, দান বা অনুদান প্রদানকারী অথবা তহবিল যোগানদাতা ব্যক্তি বা প্রতিষ্ঠানের কেহ এবং উক্ত প্রতিষ্ঠানের সহিত স্বার্থের সংঘাত (Conflict of Interest) রহিয়াছে এইরূপ কোন ব্যক্তি এই বিধির অধীন চেয়ারম্যান, সদস্য বা প্রশাসক পদে নিযুক্তির যোগ্য বিবেচিত হইবেন না।

(৮) এই বিধির অধীন কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে চেয়ারম্যান, সদস্য বা প্রশাসক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির যোগ্যতা ও উপযুক্ততা, আইনের বিধান সাপেক্ষে, কর্তৃপক্ষের পরিচালনা বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।";

(খ) বিধি ৯ এর পর নিম্নরূপ একটি নূতন বিধি ৯ক সন্নিবেশিত হইবে, যথা:—

"৯ক। **প্রধান নির্বাহী কর্মকর্তার অপসারজনিত শূন্যপদ পূরণ, ইত্যাদি।**—(১) কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান প্রধান নির্বাহী কর্মকর্তার পদ একাদিক্রমে তিন মাসের অধিক সময় শূন্য রাখিতে পারিবে না।

(২) কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার পদ একাদিক্রমে তিন মাসের অধিক সময় শূন্য থাকিলে অথবা আইনের ধারা ২৯ এর অধীন কোন প্রধান নির্বাহী কর্মকর্তা অপসারিত হইলে, কর্তৃপক্ষ লিখিত আদেশ দ্বারা, প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্ব পালন করিবার জন্য যে কোন ব্যক্তিকে সাময়িকভাবে উক্ত পদে নিযুক্ত করিত পারিবে এবং উক্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে, তাহার বেতন ও অন্যান্য সুবিধাদি বাবদ খরচ বহন করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন নিযুক্ত প্রধান নির্বাহী কর্মকর্তার মেয়াদকাল হইবে ৬ (ছয়) মাস, তবে কর্তৃপক্ষ, প্রয়োজনে, স্বীয় বিবেচনায় উক্ত মেয়াদ অনধিক ৬ (ছয়) মাস বৃদ্ধি করিতে পারিবে।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত সময়কালের মধ্যে সংশ্লিষ্ট ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান, আইন ও এই বিধিমালার বিধানাবলী সাপেক্ষে, একজন প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ করিবে এবং তাহা কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করিবে।

(৫) উপ-বিধি (২) এর অধীন নিযুক্ত প্রধান নির্বাহী কর্মকর্তার মেয়াদ সমাপ্ত হইবার পর অথবা ইতোমধ্যে কর্তৃপক্ষ তাহাকে প্রত্যাহার করিলে উক্তরূপ প্রত্যাহার কার্যকর হইবার তারিখে উপ-বিধি (৪) এর অধীন নিয়োগপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা তাহার কার্যভার গ্রহণ করিবেন।

(৬) কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কোন সদস্য, গ্রাহক, কর্মকর্তা, কর্মচারী, পাওনাদার, দেনাদার, দান বা অনুদান প্রদানকারী অথবা তহবিল যোগানদাতা ব্যক্তি বা প্রতিষ্ঠানের কেহ এবং উক্ত প্রতিষ্ঠানের সহিত স্বার্থের সংঘাত (Conflict of Interest) রহিয়াছে এইরূপ কোন ব্যক্তি এই বিধির অধীন সাময়িকভাবে প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিযুক্তির যোগ্য বিবেচিত হইবেন না।

(৭) এই বিধির অধীন কোন ক্ষদুঋণ প্রতিষ্ঠানে সাময়িকভাবে প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির যোগ্যতা ও উপযুক্ততা, আইনের বিধান সাপেক্ষে, কর্তৃপক্ষের পরিচালনা বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।"।

কর্তৃপক্ষের আদেশক্রমে

**খন্দকার মাজহারুল হক**
এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান।

মোস্তফা কামাল, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd